| ডিডিও | এডিডি (শস্য) | এডিডি (পিপি) | এডিডি (উদ্যান) | কৃপ্রকৌ |
|---|---|---|---|---|
| গ্রুসহঃ | নাঈমা | মাহাবুব | শহিদুল | |
| সাকস্থাপন | আলাউদ্দিন | এ্যামিল | করবী | |

উপ- পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুষ্টিয়া
পত্র প্রাপ্তি নং....
তারিখ....
নথি....

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
উদ্ভিদ সংরক্ষণ উইং
খামারবাড়ি, ঢাকা।

স্মারক নং: ১২.০১.০০০০.০১২.৩৮.০০১.২০/১৪৯৫ (৮০)

তারিখ: ১৩ এপ্রিল ২০২৩ খ্রি.

বিষয়ঃ বোরো ধানের জমিতে ব্লাস্ট রোগ আক্রমণে সতর্কবার্তা ।

বর্তমানে দেশের কিছু কিছু এলাকায় বোরো ধান ক্ষেতে ব্লাস্ট রোগের আক্রমণ পরিলক্ষিত হচ্ছে। ব্লাস্ট রোগ যদি শুরুতেই দমন করা না যায় তাহলে শতভাগ পর্যন্ত ফলন কমে যেতে পারে। ব্লাস্ট রোগের জীবাণু প্রধানত বাতাসের মাধ্যমে এক জায়গা থেকে অন্য জায়গায় দ্রুত ছড়ায়। আর যেখানে অনুকূল পরিবেশ পায় সেখানেই জীবাণু গাছের উপর পড়ে রোগ সৃষ্টি করে। তাই ব্লাস্ট রোগ দেখা দিলে সময়ক্ষেপন না করে সঙ্গে সঙ্গে দমনের ব্যবস্থা নিতে হবে।

দিনের বেলায় গরম (২৫-২৮° সে.) ও রাতের বেলা ঠান্ডা (২০-২২° সে.), শিশির ভেজা দীর্ঘ সকাল, অধিক আর্দ্রতা (৮৫% বা তার অধিক), মেঘাচ্ছন্ন আকাশ, ঝড়ো আবহাওয়া এবং গুঁড়ি গুঁড়ি বৃষ্টি এ রোগের জন্য খুবই অনুকূল। এ ধরণের অনুকূল পরিবেশ দেখা দিলে ক্ষেতে ব্লাস্ট রোগ না থাকলেও ব্যবস্থা গ্রহণ করতে হবে।

যে সমস্ত জমিতে এখন পর্যন্ত ব্লাস্ট রোগের আক্রমণ দেখা যায়নি অথচ পাশের জমিতে রোগের আক্রমণ পরিলক্ষিত হয়েছে বা গত বছর সেই জমিতে রোগের আক্রমণ ছিল বা এলাকায় রোগের অনুকূল আবহাওয়া বিরাজমান, সেখানকার ধানের জমিতে রোগ হোক বা না হোক শীষ বের হওয়ার আগ মুহূর্তে টেবুকোনাজল+ট্রাইফ্লক্সিস্ট্রবিন গ্রুপের অনুমোদিত ছত্রাকনাশক ০.৫ গ্রাম/লিটার বা এজোক্সিস্ট্রবিন+ডাইফেনোকোনাজল গ্রুপের অনুমোদিত ছত্রাকনাশক ১ মিলি/লিটার বা ট্রাইসাইক্লাজোল গ্রুপের অনুমোদিত ছত্রাকনাশক ০.৭৫ গ্রাম/লিটার বা ট্রাইসাইক্লাজোল+প্রোপিকোনাজল গ্রুপের অনুমোদিত ছত্রাকনাশক ২ মিলি/লিটার অথবা থায়োপেনেট মিথাইল গ্রুপের অনুমোদিত ছত্রাকনাশক ২ গ্রাম/লিটার পানিতে ভালভাবে মিশিয়ে শেষ বিকালে ৫-৭ দিন অন্তর দু'বার প্রয়োগ করতে হবে।

যে সমস্ত জমিতে রোগের আক্রমণ দেখা দিয়েছে সে সমস্ত জমিতে করণীয়-

১। ব্লাস্ট রোগের প্রাথমিক অবস্থায় জমিতে ১-২ ইঞ্চি পানি ধরে রাখতে পারলে এ রোগের ব্যাপকতা অনেকাংশে হ্রাস পায়।
২। পাতা ব্লাস্টের জন্য বিঘা প্রতি অতিরিক্ত ৫ কেজি পটাশ সার উপরি প্রয়োগ করতে হবে।

পরিশেষে বোরো ধান কাটার আগ পর্যন্ত কৃষকদের ঘন ঘন ক্ষেত পরিদর্শণ করা সহ উপরোক্ত ব্যবস্থাগুলি গ্রহণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং সকল পর্যায়ের কর্মকর্তাদেরকে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে।

উপরোক্ত ব্যবস্থাগুলো গ্রহণ করে বোরো ধানের ব্লাস্ট রোগের আক্রমণ প্রতিহত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

১৩/০৪/২০২৩
( মোঃ ফরিদুল হাসান)
পরিচালক
উদ্ভিদ সংরক্ষণ উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫।

অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
................অঞ্চল (সকল)।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:
১. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. উপপরিচালক, ..........জেলা (সকল)। ( উপজেলায় প্রেরণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।)
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

---

স্মারক নংঃ ৪৫৮৭

তারিখ ১৬/৪/২৩ খ্রিঃ

পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

১৬/০৪/২৩
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কুষ্টিয়া।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ
১। উপজেলা কৃষি অফিসার, সদর/খোকসা/কুমারখালী/মিরপুর/ভেড়ামারা/দৌলতপুর, কুষ্টিয়া।